মাংস নষ্ট করা নিয়ে কুষ্টিয়ায় বর-কনে পক্ষের সংঘর্ষ, আহত ৭

কুষ্টিয়ার দৌলতপুরে বিয়েবাড়িতে মাংস নষ্ট করার ঘটনাকে কেন্দ্র করে বর ও কনেপক্ষের লোকজনের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে দু’পক্ষের অন্তত সাতজন আহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে।

সোমবার দুপুর ২টার দিকে উপজেলার প্রাগপুর ইউনিয়নের জামালপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষের সময় ভাঙচুর করা হয় বিয়ের প্যান্ডেলসহ আসবাবপত্র। পুলিশ ও স্থানীয়রা জানান, প্রায় দেড় মাস আগে জামালপুর গ্রামের গোলাম মোস্তফার মেয়ে চুমকির সঙ্গে গাংনী উপজেলার শহিদুলের ছেলে জনির বিয়ে হয়।

ছেলেপক্ষের লোকজন মেয়ের বাড়িতে আসে বউকে নিয়ে যেতে। দুপুরে খাওয়া-দাওয়ার সময় বরেরপক্ষের লোকজনের অতিরিক্ত মাংস নষ্ট করার ঘটনায় উভয়পক্ষের মধ্যে কথা-কাটাকাটি হয়। এক পর্যায়ে তারা সংঘর্ষে জড়িয়ে পড়েন। এসময়ে দু’পক্ষের সংঘর্ষে অন্তত সাতজন আহত হন। গুরুতর আহতদের বরের গাড়িতে করে স্থানীয় হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়।

পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ বিষয়ে পিরোজপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান আশরাফুজ্জামান জানান, দুপুরের দিকে গোলামের বাড়িতে বর ও কনেপক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় কয়েকজন আহত হয়েছেন। ঘটনাস্থলে পুলিশ রয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

ঘটনার প্রত্যক্ষদর্শী ইউপি সদস্য (মেম্বার) আসলাম হোসেন বলেন, গোলাম মোস্তফার বাড়ির বিয়ের অনুষ্ঠানে তারও দাওয়াত ছিল। যখন ঘটনা ঘটে তখন তিনি খাচ্ছিলেন। বড়পক্ষ এবং কনেপক্ষের খাবারের জন্য আলাদা ব্যবস্থা করা হয়। তিনি কনেপক্ষের নির্ধারিত স্থানে খাচ্ছিলেন। এমন সময় বরপক্ষের লোকজন খাবার সময় অতিরিক্ত মাংস নষ্ট করলে দুই পক্ষের এই সংঘর্ষের ঘটনা ঘটে।

ঘটনার সত্যতা স্বীকার করে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাসির উদ্দিন বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এখন পরিস্থিতি শান্ত রয়েছে। অভিযোগ পেলে এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসএম জামাল নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি তার প্রশিক্ষণলব্ধ জ্ঞান বেকার যুবকদের মধ্যে ছড়িয়ে দিয়ে তাদেরকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলার মধ্য দিয়ে আত্মতৃপ্তি খুঁজে পাচ্ছেন। এবছর বাগানে প্রায় সব গাছগুলো থেকেই ফল দেওয়া শুরু করেছে। এবার প্রায় এক লাখ টাকার আম বিক্রি করবেন। ফর্মালিন ও অন্যান্য কেমিক্যাল ব্যবহার না করেই মানুষ কে বিশুদ্ধ আম খাওয়ানোর উদ্দেশ্য নিয়েই তিনি এ বাগান পরিচর্যা করে আসছেন।

এ ছাড়া তিনি প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে আমবাগানের মধ্যে ডাঁটাশাক ও পাশে অন্যান্য সবজি এবং পাশে একটি পুকুরে মাছ চাষ ও হাঁস-মুরগি পালনের সমন্বিত কৃষি খামার গড়ে তুলবেন। এসএম জামাল জানান, চাকরি নামের সোনার হরিণের পিছনে না ছুটে কিংবা জমি বিক্রি করে বিদেশে না গিয়ে ওই জমিতে বাণিজ্যিকভাবে আমবাগান বা কৃষি খামার করে একজন ব্যক্তি সহজেই স্বাবলম্বী হয়ে উঠতে পারেন। এছাড়াও এখন অনলাইনের মাধ্যমে আম বিক্রি করতে পেরেও কয়েকজনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বাগানে ঘুরতে আসা বিপুল হোসেন, আক্তার হোসেন, রুহুল আমিন জানান, বাগান থেকে আম পাড়ার মজাই আলাদা।

তাই এই বাগানে এসে ঘুরে ঘুরে আৃ পাড়তে পেরে খুব ভালো লাগছে। তারা আরও বলেন, আমবাগান থেকে বিষমুক্ত আম সংগ্রহ করে পরিবার পরিজনদের খাওয়ার পাশাপাশি আত্মীয় স্বজনদেরও কাছেও পাঠাবো। কুষ্টিয়ার মিরপুর উপজেলা কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ জানান, উপজেলায় বেশ কয়েকটি আমবাগান রয়েছে। যারা বাণিজ্যিক ভাবে আম চাষ করে থাকে। এখানকার আমের স্বাদও ভালো। এ উপজেলার মাটিও বেশ উপযোগী। এ কারণে এখানে প্রতিনিয়ত বাণিজ্যিকভাবে আম চাষের পরিধি বাড়ছে।

মেহেরপুরে ছয় দফা দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রকৃতিতে

পুস্পমাল্য অর্পণ

১৯৬৬ সালের ১৮, ১৯ ও ২০ মার্চের আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে সর্ব সম্মতিক্রমে এই ৬ দফা পাশ করা হয় । এর পর সারা দেশে ৬ দফার ব্যাপক প্রচার শুরু হয় । তারপর শুরু হয় বঙ্গবন্ধুর নামে একের পর এক মিথ্যা মামলা দিয়ে নির্যাতন। বঙ্গবন্ধুর বিরূদ্ধে মিথ্যা মামলা এবং গ্রেফতারের প্রতিবাদে মে মাসে আওয়ামী লীগের এক জরুরী সভায় ৭ জুন দেশব্যাপী হরতাল আহবান করা হয় । সেই হরতাল চলাকালে পুলিশের গুলিতে শ্রমিক নেতা মনু মিয়া সহ ১১ জন দলীয় নেতা কর্মী নিহত হয়েছিল । সেই দিন হতে ৭ই জুন বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের এক গুরুত্বপূর্ণ দিবস হিসাবে পালিত হয়ে আসছে । লাহোরে অনুষ্ঠিত সম্মিলিত বিরোধী দল সমূহের কনভেনশনে বাঙালির মুক্তি সনদ খ্যাত ছয় দফা উত্থাপন করে তার বিষয় অন্তর্ভুক্তের প্রস্তাব করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

কেন্দ্রীয় যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের নির্দেশনায় কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা ও পুষ্প মাল্য অর্পন করা হয়। সোমবার সকাল নয়টার সময় শামসুজ্জোহা নগর উদ্যানে বঙ্গবন্ধুর প্রকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমানসহ যুবলীগের নেতাকর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন পৌর কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজাদুর রহমান সাজু, ইউনুস আলী, রোকনুজ্জামান মতি, শেখ সরাফত, যুবলীগ নেতা ও কলেজ ছাত্রলীগের সভাপতি হাসানুজ্জামান সেন্টু সহ যুবলীগের নেতাকর্মীরা।

ছয় দফা দাবির মূল উদ্দেশ্য ছিল- পাকিস্তান হবে একটি ফেডারেল বা যৌথরাষ্ট্র এবং ছয় দফা কর্মসূচির ভিত্তিতে এই ফেডারেশন বা যৌথরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্যকে পূর্ণ স্বায়ত্তশাসন দিতে হবে। ছয় দফা কোন রাতারাতি কর্মসূচি ছিল না। এর প্রস্তুতি ছিল দীর্ঘদিনের। ৫২ এর রাষ্ট্রভাষা আন্দোলন, ৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়, ৬২ এর শিক্ষা আন্দোলনের মধ্য দিয়েই ৬৬ এর ছয় দফার ভিত তৈরি হয়।

চুয়াডাঙ্গা পুলিশ লাইনে ব্যাডমিন্টন কোর্টের ভিত্তিপ্রস্তর কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে ইনডোর ব্যাডমিন্টন কোটের ভিত্তিপ্রস্তর ও কাজের উদ্ধোধন করেছেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সোমবার বেলা সাড়ে এগারো টার সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে “ইনডোর ব্যাডমিন্টন কোট” এর ভিত্তিপ্রস্তর সহ কাজের শুভ উদ্ধোধন করেন তিনি।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলা পুলিশে যোগদান করে একের পর এক অফিসার ও ফোর্সের কল্যাণমুখি কাজ করে চলেছেন। তাঁরই ধারাবাহিকতায় ক্রীড়ানুরাগী পুলিশ সুপার চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে “ইনডোর ব্যাডমিন্টন কোট” এর ভিত্তিপ্রস্তর সহ কাজের শুভ উদ্ধোধন করেন।

উদ্ধোধনকালে পুলিশ সুপার বলেন, শরীর ও মনের সুস্থতায় অবশ্য ব্যাডমিন্টন বেশ উপকারী। এক ঘণ্টা ব্যাডমিন্টন খেললে ৪৫০ ক্যালরি পোড়ানো সম্ভব। এই খেলা জেলা পুলিশের অফিসার ফোর্সের গতি বাড়াবে, শরীরটাকে ফিট রাখবে। বুদ্ধিতেও শাণ পড়বে। গড়ে উঠবে খেলোয়াড়সুলভ মানসিকতা। ব্যাডমিন্টন খেলতে গিয়ে দৌড়ঝাঁপ, ডাইভিং, ক্ষিপ্রতার সঙ্গে কর্কে আঘাত করার বিষয়টি পেশি ও সন্ধির দক্ষতা বাড়াবে।

এ ধরনের খেলায় রক্তে খারাপ চর্বির মাত্রা কমে, ভালো চর্বির মাত্রা বাড়ে। রক্তে শর্করার পরিমাণ কমে। ডায়াবেটিসের রোগীরা হাঁটার বদলে ব্যাডমিন্টনও খেলতে পারেন। রক্তচাপ নিয়ন্ত্রণে থাকবে। হৃদরোগের ঝুঁকি কমবে। সুস্থ ব্যক্তি খেলার অভ্যাস গড়ে তুললে পরবর্তী সময়ে তাঁদের এসব দীর্ঘমেয়াদি রোগ হওয়ার ঝুঁকি কমবে।

ব্যাডমিন্টন খেলার অভ্যাস সচল ও কর্মক্ষম থাকার পথে এগিয়ে দেবে। সচল থাকার মাধ্যমে হাড়ের ক্ষয় রোধ হবে। ব্যাডমিন্টন খেলায় সকলের

দুশ্চিন্তা কমবে। প্রফুল্ল থাকতে পারবেন। সামাজিক যোগাযোগ বাড়বে। শরীরের প্রতিটি কোষে অক্সিজেন যাবে প্রচুর পরিমাণে। এন্ডরফিন নিঃসরণ বাড়বে, যার ফলে শরীরের ব্যথা কম অনুভব করবেন, মানসিক চাপ কমবে এবং ঘুম ভালো হবে।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সগন।

মুজিবনগরে বজ্রপাতে কৃষকের মৃত্যু

মেহেরপুরের মুজিবনগরে বজ্রপাতে উকিল (৩৪) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।
সোমবার বিকাল ৫ টার দিকে এ মর্মান্তিক মৃত্যুর ঘটনা ঘটে। নিহত উকিল উপজেলার বাগোয়ান ইউনিয়নের সোনাপুর মাঝপাড়া গ্রামের মৃত তেতুল হোসেনের ছোট ছেলে।
জানা গেছে, উকিলের বড় ভাই ইখতারের আম বাগান বাড়ির পাশের একটি মাঠের ভিতর। হঠাৎ ঝড়-বৃষ্টি শুরু হলে সে সেখানে আম খুড়াতে যায়। আম কুড়ানো অবস্থায় বজ্রপাত হলে সে ছিটকে মাটিতে লুটিয়ে পরে। পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে মুজিবনগর সরকারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে যায়। হাসপাতালে পৌছালে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

করোনাভাইরাসে দেশে আরও ৩০ রোগীর মৃত্যু

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে করোনায় মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১২ হাজার ৮৬৯ জনে।

এই সময়ে নতুন করে করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ১ হাজার
৯৭০। এ নিয়ে দেশে এ ভাইরাস শনাক্ত হওয়া মোট রোগীর সংখ্যা দাঁড়াল ৮ লাখ ১২ হাজার ৯৬০ জনে।

সোমবার স্বাস্থ্য অধিদফতরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

গত ২৪ ঘণ্টায় করোনাতে রোগী শনাক্তের হার ১১ দশমিক ৪৭ শতাংশ আর এখন পর্যন্ত দেশে করোনাতে শনাক্তের হার ১৩ দশমিক ৪০ শতাংশ। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৯২ দশমিক ৬৫ শতাংশ আর শনাক্ত বিবেচনায় মৃত্যুহার এক দশমিক ৫৮ শতাংশ।

গত চব্বিশ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন এক হাজার ৯১৮ জন, তাদের নিয়ে দেশে করোনা থেকে সুস্থ হলেন সাত লাখ ৫৩ হাজার ২৪০ জন। এই সময়ে করোনার নমুনা সংগৃহীত হয়েছে ১৭ হাজার ৬৬৬টি আর নমুনা পরীক্ষা হয়েছে ১৭ হাজার ১৬৯টি। দেশে এখন পর্যন্ত করোনার মোট নমুনা পরীক্ষা হয়েছে ৬০ লাখ ৬৭ হাজার ৪২টি। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় পরীক্ষা হয়েছে ৪৪ লাখ ২৫ হাজার ৮২৮টি আর বেসরকারি ব্যবস্থাপনায় পরীক্ষা হয়েছে ১৬ লাখ ৪১ হাজার ২১৪টি।

কালীগঞ্জ ট্রাক চাপায় বাইসাইকল আরোহী নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ শহরে ট্রাক চাপায় জিহাদ হাসান (১৮) নাম এক বাইসাইকল আরাহী নিহত হয়েছেন।

সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে শহরের হাসপাতাল সড়কের মুসলিম বেকারির সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত জিহাদ উপজলার হেলায় গ্রামের জহুরুল ইসলামের ছেলে। জিহাদ শহরের একটি কাপড়ের দোকানের কর্মচারী ছিল।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সোমবার সকালে কালীগঞ্জ শহর থেকে নিজ বাড়ি হেলায় গ্রামে বাইসাইকেলে করে ফিরছিল। পথিমধ্যে শহরের হাসপাতাল সড়কির মুসলিম বেকারীর সামনে পৌছালে ট্রাকের চাঁপায় পিষ্ট হয় জিহাদ। এতে ঘটনাস্থলেই তার মত্যু হয়।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ঘাতক ট্রাকটি আটক করা হয়ছ। তবে ট্রাকের চালক পালিয়ে গেছ

মেহেরপুরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে
সোমবার দুপুর ১২ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমানের সভাপতিত্বে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোহাম্মদ শরিয়তউল্লাহ প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইন্সপেক্টর আব্দুল মান্নান, জেলা শিল্পকলা একাডেমীর সহ-সভাপতি নুরুল আহমেদ, সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমূখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

মেহেরপুরে ডায়মন্ড গার্মেন্টসে ভয়াবহ অগ্নিকাণ্ড

শহরের কাথুলী সড়কে ডায়মন্ডস রূপসী বাংলা নামের একটি গার্মেন্টসে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটেছে। সোমবার মধ্যরাতে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এসময় নৈশ প্রহরীরা ফায়ার সার্ভিসকে খবর দিলে মেহেরপুর ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণ করেন। অগ্নিকাণ্ডে দোকানের জামা কাপড় পুড়ে ছাই হয়ে গেছে।
জানা গেছে ডায়মন্ডস রূপসী বাংলা গার্মেন্টসের মালিক খন্দকার আক্তারুল ইসলাম প্রতিদিনের ন্যায় রাতে দোকান বন্ধ করে বাড়ি চলে যান। মধ্যরাতে দোকানের বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লেগে যায়। আগুন নিয়ন্ত্রণের আগেই লক্ষ লক্ষ টাকার মালামাল পুড়ে ছাই হয়ে যায়। ডায়মন্ডস রূপসী বাংলার স্বত্বাধিকার খন্দকার আক্তারুল ইসলাম (ডায়মন্ড) জানান ঈদের আগে ৮০-৯০ লক্ষ টাকার মালামাল তোলা হয়েছিল। ঈদে কিছু বিক্রি হয়েছে। অগ্নিকাণ্ডে বাকি মালামাল পুড়ে ছাই হয়ে গেছে।

চাঁদাবাজি মামলায় মেহেরপুর প্রেসের সম্পাদক জনি কারাগারে

মেহেরপুরে চাঁদাবাজি মামলার আসামি মেহেরপুর প্রেস অনলাইন পোর্টালের সম্পাদক মিজানুর রহমান জনিকে কারাগারে পাঠিয়েছে আদালত

গতকাল রবিবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট শাহীন রেজার আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করলে বিচারক জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, গত ১৬ এপ্রিল মেহেরপুর প্রেসের আনলাইন পেজ থেকে মাটি বিক্রির লাইভ প্রচার করা হয়। তবিরুল ইসলাম টাবু

বাদী হয়ে দঃবিঃ ১৪৩/ ৩২৩/ ৩৮৫/ ৫০৬/ ৩৪ ধারায় মেহেরপুর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১৯।

মামলায় ৭জনকে আসামি করা হয়। মামলার অপর আসামীরা হলেন, মহাসিন, মফিজুর রহমান, ইসরাফিল হোসেন, লালটু, আরিফুল এবং সাইদুর রহমান।